



হরমুজ প্রণালীতে তেলবাহী জাহাজে হামলা, আহত ৪



সংগৃহীত ছবি

ওমানের জলসীমায় একটি তেলবাহী ট্যাংকারে হামলার ঘটনা ঘটেছে। রোববার (১ মার্চ) মাসান্দাম উপকূল থেকে প্রায় পাঁচ নটিক্যাল মাইল দূরে এই হামলা হয় বলে জানিয়েছে দেশটির সমুদ্র নিরাপত্তা কেন্দ্র। খবর দিয়েছে আল জাজিরা।

স্কাইলাইট নামের জাহাজটিতে হামলার ফলে চারজন আহত হন। নিরাপত্তার স্বার্থে জাহাজে থাকা বাকি ২০ জন নাবিককে দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। হামলার সময় জাহাজটিতে প্রশান্ত মহাসাগরীয় দ্বীপরাষ্ট্র পাল্লাউ—এর পতাকা উড়ছিল।

কর্তৃপক্ষ জানায়, উদ্ধার ও পরিস্থিতি নিয়ন্ত্রণে ওমানের নৌবাহিনী ও সামরিক বাহিনীর সদস্যরা অংশ নেন।

উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে ইরান ও যুক্তরাষ্ট্র—এর মধ্যে আলোচনায় মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করছে ওমান। নতুন পারমাণবিক সমঝোতার লক্ষ্যে এ প্রচেষ্টা চলছে।

LENS ASIA